



স্মারক নং-৪৬.০২.০০০০.৬১১.১৮.০০১.০৫. ৭৯৩

তারিখঃ ২৩/১২/২০২০ ইং।

সূত্র-৪৬.০২.০০০০.৬১১.১৮.০০১.০৫.২২৫, তারিখঃ ১১/১০/২০১৮ ইং।


### অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি সদর দপ্তর ও ঢাকা বিভাগীয় কার্যালয়ে আইপি ফোনের মাধ্যমে আন্তঃসংযোগ সহ ইন্টারকম সুবিধা দেয়া হচ্ছে। এ সিস্টেমের যথাযথ সুবিধা প্রাপ্তি নিশ্চিত করতে সুব্রহ্ম পত্রের মাধ্যমে ইতিপূর্বে নির্দেশনা দেয়া হলেও তার যথাযথ প্রতিপালন না হওয়াতে আইপি ফোনের ব্যবস্থাপনায় জটিলতা তৈরি হচ্ছে। এ প্রেক্ষিতে নিম্নলিখিত বিষয়সমূহ কঠোরভাবে অনুসরণের জন্য পুনরায় নির্দেশ দেয়া হলোঃ

(১) অব্যবহৃত আইপি ফোন সেট এমআইএস সেকশনে ফেরত দিতে হবে। এক্ষেত্রে এমআইএস সেকশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, বেশকিছু আইপি ফোন সেট অব্যবহৃত থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট কার্যালয় তা ফেরত না দেয়ায় সেটের সংকট তৈরি হয়েছে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সেট বরাদ্দ করা যাচ্ছে না।

(২) আইপি ফোনের তালিকা হালনাগাদ করা হবে, প্রয়োজনীয় ডকুমেন্টস দাপ্তরিক মেইল এড্রেসে এমআইএস সেকশন থেকে প্রেরণ করা হবে। তালিকাটি হালনাগাদ করে ৩১ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে [anumoy@lged.gov.bd](mailto:anumoy@lged.gov.bd) ঠিকানায় পাঠাতে হবে।

(৩) পরবর্তীতে নিয়মিতভাবে আইপি ফোন ব্যবহারকারীদের বদলীর ক্ষেত্রে বদলী আদেশের কপি আইসিটি ইউনিটে প্রেরণ করতে হবে। তদানুসারে আইসিটি ইউনিট প্রয়োজনীয় কনফিগারেশন পরিবর্তন করবে। যদি কোন প্রকল্প সমাপ্ত হয় সেক্ষেত্রে উক্ত প্রকল্পের সকল আইপি ফোন আইসিটি ইউনিটে জমা দিতে হবে। পাশাপাশি নতুন কোন আইপি ফোন সংযোগ প্রয়োজন হলে আইসিটি ইউনিটে যোগাযোগ করতে হবে। এ বিষয়ে সহায়তার জন্য জনাব অনুময় বার্মা (নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, এমআইএস সেকশন, মোবাইলঃ ০১৭১৭৬৭৪৪৯৩, আইপি-১০৪২২)-এর সাথে যোগাযোগ করা যাবে।

  
(মোঃ আব্দুর রশীদ খান)  
প্রধান প্রকৌশলী  
ফোনঃ ০২-৫৮১৫২৮০২  
ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..... , এলজিইডি সদর দপ্তর/ ঢাকা বিভাগ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..... (সকল), এলজিইডি সদর দপ্তর/ ঢাকা অঞ্চল।
- ৩। প্রকল্প পরিচালক, ..... (সকল), এলজিইডি।
- ৪। নির্বাহী প্রকৌশলী, ঢাকা জেলা, এলজিইডি।